

■■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে জৈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, আল্লাহ যা নাযিল করেছেন তা দ্বারা ফয়সালা করা কি আমাদের ওপর ওয়াজিব?

উত্তর: বল, সকল মুসলিমের ওপর ওয়াজিব আল্লাহ যা নাযিল করেছেন তা দ্বারা ফয়সালা করা। কারণ, আল্লাহ তা'আলা বলেন,

وَأَنِ ٱحاكُم بَيانَهُم بِمَا أَنزَلَ ٱللَّهُ وَلَا تَتَبِع الْهَ وَلَا تَتَبِع اللَّهُ وَلَا تَتَبِع اللَّهُ وَلَا تَتَبِع اللَّهُ أَن يُصِيبَهُم بِبَع الصَّرَ ذُنُوبِهِم اللَّهُ وَإِنَّ كَثِيرًا مِّنَ ٱلنَّاسِ لَفُسِقُونَ إِلَيْ اللَّهُ أَن يُصِيبَهُم بِبَع اصْ ِ ذُنُوبِهِم اللَّهُ وَإِنَّ كَثِيرًا مِّنَ ٱلنَّاسِ لَفُسِقُونَ [المائدة: ٤٩]

"আর আল্লাহ যা নাযিল করেছেন তা দ্বারা তাদের মধ্যে ফয়সালা করো এবং তাদের প্রবৃত্তির অনুসরণ করো না। আর তাদের থেকে সতর্ক থাক যে, আল্লাহ যা অবতীর্ণ করেছেন, তার কিছু থেকে তারা তোমাকে বিচ্যুত করবে। অতঃপর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তাহলে জেনে রাখ যে, আল্লাহ তো কেবল তাদেরকে তাদের কিছু পাপের কারণেই আযাব দিতে চান। আর অনেক মানুষই ফাসিক"। [সূরা আল-মায়েদাহ, আয়াত: ৪৯] আর যে মানুষের তৈরি আইন-কানুন ও বিধান অনুসন্ধান করে আল্লাহ তার দোষারোপ করেছেন এভাবে,

أَفَحُكَامَ ٱلآَجِهِلِيَّةِ يَبِالْغُونَ ۚ وَمَن الْحَاسَنُ مِنَ ٱللَّهِ حُكامًا لِّقَوام يُوقِنُونَ [المائدة: ٥٠]
"তারা কি জাহিলিয়াতের ফয়সালা চায়? আর বিশ্বাসী কওমের জন্য বিধান প্রদানে আল্লাহর চেয়ে কে উত্তম?"
[সূরা আল-মায়েদাহ আয়াত: ৫০]

Source — https://www.hadithbd.com/books/link/?id=9989

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন